মুজিবনগর উপজেলা যুবলীগের আহ্বায়ক চাদু গ্রেফতার

মুজিবনগরে চাঁদাবাজি মামলায় জেলা আওয়ামী লীগের সদস্য ও মুজিবনগর উপজেলা যুবলীগের সভাপতি দারিয়াপুর পশ্চিমপাড়ার মৃত কুদরত ই খুদা এর ছেলে কামরুল হাসান চান্দুকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

সোমবার দিবাগত রাত্রে গোপালপুর গ্রামের রফিকুল ইসলামের ছেলে খোরশেদ আলমের দায়ের করা চাঁদাবাজি মামলায় তার বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। মঙ্গলবার সকালে তাকে মেহেরপুর কোর্টে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান জানান, ২০২৪ সালের অক্টোবর মাসের একটি চাঁদাবাজি মামলায় তাকে গ্রেফতার করে করে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারালেন কৃষক

মুজিবনগরে বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ হারালেন জিল্লুর রহমান (৫৭) নামের এক কৃষক। এঘটনায় মোটরসাইকেল চালক স্কুলছাত্র রিমন (১৭) আহত হয়েছেন।

রবিবার বিকালে মেহেরপুর-মুজিবনগর সড়কের মুজিবনগর উপজেলার গৌরীনগর মোড়ে এই দুর্ঘটনা ঘটে। নিহত জিল্লুর রহমান মুজিবনগর উপজেলার গৌরীনগর গ্রামের সাত্তার গাজীর ছেলে, সে পেশায় কৃষক। আহত রিমন মেহেরপুর সদর উপজেলার শালিকা গ্রামের মোঃ ইমরান হোসেনের ছেলে। মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন।

স্থানীয়দের বরাত দিয়ে ওসি মিজানুর রহমান জানান, স্কুল ছাত্র রিমন

হোসেন কেদারগঞ্জ মোড় থেকে জিগছার মডেলের একটি মোটরসাইকেলবেপরোয়া গতিতে চালি শালিকাতে আসছিলেন। গৌরিনগর নামক স্থানে এসময় কৃষক জিল্লুর রহমান রাস্তা পার হচ্ছিলেন। এসময় মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে তাঁকে স্বজোরে ধাক্কা মারে। এতে দুজনই রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন।

স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে প্রথমে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে তাদের অবস্থার অবনতি হয়। পরে তাদেও গুরুতর অবস্থায় মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক জিল্লুর রহমানকে মৃত ঘোষণা করেন।

মুজিবনগর থানার ওসি মিজানুর রহমান জানান, এখন পর্যন্ত পরিবারের পক্ষ থেকে কোনো অভিযোগ দেইনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। তবে দুর্ঘটনাকবলিত মোটরাসাইকেলটি থানা হেফাজতে নেওয়া হয়েছে।

মুজিবনগরে বীর মুক্তিযোদ্ধা আজিমুদ্দীনকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

মুজিবনগর উপজেলার মহাজনপুর ইউনিয়নের যতারপুর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আজিমুদ্দিন সরদার ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

গত রবিবার সন্ধ্যা ৬ টার দিকে যতারপুর গ্রামের নিজ বাসভবনে বার্ধক্য জনিত কারণে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন। গতকাল সোমবার সকাল ১০টার সময় যতারপুর ব্রীজ মোড় সংলগ্ন মাঠে তাকে রাষ্ট্রীয় মর্যাদা প্রদান করা হয়। এ সময় তার মৃতদেহ জাতীয় পতাকায় আচ্ছাদিত করে সম্মান প্রদর্শন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডলের উপস্থিতিতে মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মিজানুর রহমানের

নেতৃত্বে পুলিশ সদস্যরা গার্ড অব অনার প্রদান করেন।

এ সময় উপজেলার বীর মুক্তিযোদ্ধাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। জানাজা শেষে বীর মুক্তিযোদ্ধাকে নিজ গ্রামের কবর স্থানে দাফন করা হয়। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৮ বছর।

বীর মুক্তিযোদ্ধা আজিমুদ্দীন মৃত্যুকালে স্ত্রী, চার মেয়ে ও এক ছেলে সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন রেখে গেছেন।

মুজিবনগরে টার্গেট ডিফেন্স জব কোচিং সেন্টারের উদ্বোধনী

মুজিবনগরের কেদারগঞ্জ বাজারে টার্গেট ডিফেন্স জব কোচিং সেন্টারের উদ্বোধনী ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সোমবার (২৭ জানুয়ারি) বিকেল ৪ টায় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স সংলগ্ন হাজী জসীম শপিং কমপ্লেক্সে এই উদ্বোধনী ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানের সভাপতিত্ব করেন প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোঃ শাহিন উদ্দিন শাহীন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ জসিম উদ্দিন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ আমিনুল ইসলাম আমিন।

এছাড়া অনুষ্ঠানে প্রতিষ্ঠানের প্রশিক্ষক মোঃ আব্দুর রফিক, মোঃ সানোয়ার হোসেন, মোঃ বিপ্লব হোসেন এবং মোছা আখি খাতুন উপস্থিত ছিলেন। পবিত্র কোরআন তেলাওয়াত করেন মাওলানা রাসেল।

মুজিবনগরে কৃষকদলের সমাবেশ অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন বাংলাদেশ জাতীয়তাবাদী কৃষকদলের উদ্যোগে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশের সংখ্যা গরিষ্ঠ কৃষক জনগোষ্ঠীকে সংগঠিত করার লক্ষে সারাদেশে তিন মাস ব্যাপী ইউনিয়ন পর্যায়ে কৃষক সমাবেশের অংশ হিসেবে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন কৃষকদলের উদ্যোগে গতকাল শনিবার বিকাল ৪ টায় মুজিবনগর উপজেলার মানিকনগর ডিএস আমিনিয়া আলিম মাদ্রাসা চত্তরে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন কৃষকদলের সভাপতি রহিত মন্ডলের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা বিএনপি‘র সাবেক সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি আজিমউদ্দীন গাজী, জেলা যুবদলের যুগ্নআহবায়ক মেহেদী হাসান।

এসময় উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা কৃষক দলের আহবায়ক আরমান আলী, যুগ্নআহবায়ক ও সাবেক ইউপি সদস্য রমজান আলী, সদস্য সচিব কুনুত আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সহসভাপতি আজিমউদ্দীন গাজী প্রমুখ। সমাবেশটি পরিচালনা করেন জেলা যুবদলের সহ-সভাপতি আব্দুল হামিদ।

মুজিবনগরে উপজেলা বিএনপির কর্মী সমাবেশ

বিএনপির কেন্দ্র ঘোষিত প্রতিক্রিয়ায় দলের পূর্ণগঠন, জাতীয় ও স্থানীয় পর্যায়ের সকল চ্যালেঞ্জ মোকাবেলায় দলকে সক্ষমতা অর্জনের প্রত্যয়ে মুজিবনগর উপজেলা বিএনপির কর্মী সমাবেশর আয়োজন করা হয় ।

বৃহস্পতিবার (২৩ শে জানুয়ারি) চারটার দিকে মুজিবনগর উপজেলা বিএনপির আয়োজনে কেদারগঞ্জ বাজার এই কর্মী সভা অনুষ্ঠিত হয়।

জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন। তিনি বলেন, আপনারা দীর্ঘ ১৭টি বছর লড়াই সংগ্রাম করেছেন। একটি স্বৈরাচারের বিরুদ্ধে লড়াই সংগ্রাম করেছেন। একটি ফ্যাসিবাদের বিরুদ্ধে লড়াই সংগ্রাম করেছেন। নিজের জীবন উৎসর্গ করেছেন, জীবন দিয়েছেন, রক্ত দিয়েছেন, সেই সংগ্রাম থেকে উত্তীর্ণ হয়ে আপনারা নতুন বাংলাদেশের প্রবেশ করেছেন।

এ সময় তিনি আরো বলেন আজকে মুজিবনগর উপজেলার অন্তর্গত যেসব ইউনিয়ন, ওয়ার্ড কমিটি গুলো আছে সেই সব কমিটিকে আমি এই মুহূর্তে বিলুপ্ত ঘোষণা করলাম।

কর্মী সমাবেশে বিশেষ অতিথির বক্তব্যে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। তিনি বলেন, গত বুধবারে উনি যে কথাটা বলেছেন খুবই আপত্তিকর কথা। উনি বলেছেন তিন টাকার কমিটি, তিন টাকার কমিটি মানে উনি তারেক রহমানকে অবজ্ঞ করা হয়েছে। তারেক রহমানকে অবজ্ঞা করলে আমরা তাকে কেউ ছাড়বো না।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ন আহবায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি ইলিয়াস হোসেন, জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক, আলমগীর খান সাতু, হাফিজুর রহমান হাফি, মীর ফারুক, ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা বিএনপির সাবেক সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, গাংনী উপজেলা বিএনপি’র সাবেক সভাপতি রেজাউল হক, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আলী, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপুসহ বিএনপির নেতা কর্মী উপস্থিত ছিলেন।

জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম বলেন, আমরা শহীদ জিয়ার আদর্শের মানুষ। আমরা পিছ পা হতে জানিনি সেই কারনে আগামী দিনে যদি কমেটি নিয়ে কোনো বাজে কথা বলা হয় আপনি কালকে কমিটি

ভেঙে নিয়ে আসবেন মুজিবনগরের মানুষ আপনার নেতৃত্বে বিএনপি করবে । আপনি আগামী দিনে মনোনয়ন নিয়ে আসবেন আমরা আপনাকে নির্বাচন করে পার্লামেন্টে পাঠাবো। এই পর্যন্ত অপেক্ষা করেন তার আগে বিভ্রান্ত কর কোন কথা বলবেন না। তার আগে কোন অরুচিশীল কথা বলবেন না। বিএনপিকে খাটো করে দেখবেন না এটাই আমি মুজিবনগরের কর্মীসভা থেকে আহ্বান করে জানাচ্ছি।

মুজিবনগর উপজেলা বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠান সঞ্চালনা করেন মুজিবনগর উপজেলার যুবদলের সদস্য সচিব আনারুল ইসলাম।

মুজিবনগরে ভূমি সেবা বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত

মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫ উদযাপন উপলক্ষ্যে”এসো দেশ বদলাই,পৃথিবী বদলাই”এই স্লোগানে আজ বৃহস্পতিবার দুপুরে তরুণ প্রজন্মকে ভূমি সেবার ধারণা প্রদানের জন্য উপজেলা ভূমি অফিসের আয়োজনে,উপজেল পরিষদ মিলনায়তনে ভূমি সেবা বিষয়ক সেমিনার ও কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনার ও পুলিশ প্রতিযোগিতার উদ্বোধন করেন। এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান,উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হাসান, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

সেমিনার ও কুইজ প্রতিযোগিতায় উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী ও তরুণেরা অংশগ্রহণ করেন।
সেমিনারে তরুণপ্রজন্ম ও ছাত্রছাত্রীদের মাঝে ভূমিসেবা বিষয়ে বিভিন্ন দিক তুলে ধরা হয় এবং ভূমি সেবার উপর কুইজ অনুষ্ঠিত হয়। কুইজে বিজয়ীদেরকে পুরস্কৃত করা হয়।

এসময় উপস্থিত ছিলেন উপজেলা ভূমি অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক রোজিনা খাতুন ও তাজুল ইসলাম, কম্পিউটার অপারেটর রবিউল ইসলাম এবং শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ।

মুজিবনগরে ভলিবল, কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট

“এসো দেশ বদলায় পৃথিবী বদলায়” নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে তারুণ্যের উৎসব ২০২৫ -উদযাপনে মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, ভলিবল,কাবাডি এবং ব্যাডমিন্টন টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে।

টুর্নামেন্ট উপলক্ষে আজ বৃহস্পতিবার সকাল থেকে উপজেলা পরিষদ খেলার মাঠে ভিড় করে উপজেলার চারটি ইউনিয়নের ভলি, কাবাডি এবং ব্যাডমিন্টন দল এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র ছাত্রী শিক্ষক এবং উৎদামি তরুণ ও সাধারণ মানুষ।

টুর্নামেন্টের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল। এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর ইনচার্জ মিজানুর রহমান মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, গোপালনগর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহুরুল ইসলাম, ছাত্র প্রতিনিধি তুষার সহ উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ ।

দিন ব্যাপী আয়োজনে টুর্নামেন্টে উপজেলার বাগোয়ান, মোনাখালি, দারিয়াপুর ও মহাজনপুর ইউনিয়নের ইউনিয়ন দল অংশগ্রহণ করেন। কাবাডিতে বাগোয়ান ইউনিয়ন কাবাডি দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানার আপ দারিয়াপুর ইউনিয়ন দল । দ্বৈত ব্যাডমিন্টন টুর্নামেন্টে দারিয়াপুর ইউনিয়ন চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে রানারআপ বাগোয়ান ইউনিয়ন দল এবং ভলিবল টুর্নামেন্টে মোনাখালি ইউনিয়ন দল চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে এবং রানারআপ হয় দারিয়াপুর ইউনিয়ন দল।

টুর্নামেন্ট শেষে বিকেলে পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের বিজয়দের মাঝে পুরস্কার বিতরণ করেন।এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আহসান মোস্তাফিজুর রহমান এবং ছাত্র প্রতিনিধি তুষার।

মুজিবনগরে বিভিন্ন মামলার সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

মুজিবনগরে বিভিন্ন মামলার সাজাপ্রাপ্ত ওয়ারেন্ট ভুক্ত ৬ আসামিকে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

বুধবার রাত ১টা হতে ভোর ৫ টা মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান এর নের্তৃত্বে এসআই উত্তম কুমার, এসআই প্রকাশ ঘোষ, এসআই সাইফুল ইসলাম, এএসআই সোহেল রানা, এএসআই সাখাওয়াত হোসেনসহ সংগীয় ফোর্স নিয়ে মুজিবনগর থানার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে এজাহারভুক্ত আসামী ভবের পাড়া গ্রামের মৃত জামাত দফাদারের ছেলে হেকমত দফাদার (৫০), জিআর নং-৭৩২/১১, পি-৬৫/২৫ এর সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত আসামী দারিয়াপুর গ্রামের কাশেম এর ছেলে হাফিজুল(৫০) জিআর নং-৭৩২/১১, পি-৬৬/২৫ এর সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত আসামী দারিয়াপুর গ্রামে মৃত বশিরের ছেলে কাসেম (৫৫), জিআর-০৬/২০ সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত আসামী দারিয়াপুর গ্রামের তাহের আলীর ছেলে হালিম এবং জিআর নং-৭৫/১৯ এর ওয়ারেন্টভুক্ত আসামী জয়পুর গ্রামের আলী হোসেনের ছেলে রবিউল (৩৫), জিআর নং-৪৩/২৩ এর ওয়ারেন্টভুক্ত আসামী বাগওয়ান গ্রামের আজিমুদ্দিনের ছেলে সাইফুল শেখ (৩৫) কে নিজ নিজ এলাকা হতে গ্রেফতার করা হয়।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান মেহেরপুর পুলিশ সুপার মাকসুদা আক্তার খানম (পিপিএম) সার্বিক দিক নির্দেশনায় এবং অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর রহমান খান (প্রশাসন

ও অর্থ) এর তত্ত্বাবধানে এবং অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করিম (সার্কেল) স্যার এর সহযোগিতায় মুমিন মুজিবনগর থানার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে
আসামীদেরকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

সে সাথে মুজিবনগর থানা এলাকায় ওয়ারেন্ট মূলে আসামী গ্রেফতার ও মাদক উদ্ধার অভিযান অব্যাহত আছে।

মুজিবনগরে আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে তারুণ্যের উৎসব ২০২৫, উৎযাপনে নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে অনুর্ধ ১৭ আন্ত: ইউনিয়ন ফুটবল টূর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। খেলায় মোনাখালী ইউনিয়ন একাদশ উপজেলা চাম্পিয়ন গৌরব অর্জন করে। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে, গৌরিনগর খেলার মাঠে এ খেলা অনুষ্ঠিত হয়।

গতকাল সোমবার বিকালে হাড্ডাহাড্ডি ফাইনাল খেলার মধ্যে দিয়ে বাগোয়ান ইউনিয়ন একাদশকে ১-০ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ বিজয়ী হওয়ার গৌরব অর্জন করেন। গতকাল সোমবার দিনব্যাপী খেলায় উপজেলার ৪ টি ইউনিয়নের খেলোয়ার অংশগ্রহন করেন। প্রথম রাউন্ডে একদিকে মোনাখালী ইউনিয়ন একাদশ ও মহাজনপুর ইউনিয়ন একাদশ অংশগ্রহন করেন।

৪০ মিনিটের খেলায় গোল শূন্য ড্র হওয়ায় ট্রাইবেকার অনুষ্ঠিত হয়। উক্ত ট্রাইবেকারে মহাজনপুর ইউনিয়ন একাদশকে ৩-১ গোলে পরাজিত করে মোনাখালী ইউনিয়ন একাদশ ফাইনালে উন্নতি হয়। অন্যদিকে দারিয়াপুর ইউনিয়ন একাদশকে ৪-১ গোলে পরাজিত করে বাগোয়ান ইউনিয়ন একাদশ ফাইনাল খেলার গৌরব অর্জন করে।

দুপুরের বিরতির পর বিকালে বাগোয়ান ইউনিয়ন একাদশ ও মোনাখালী ইউনিয়ন একাদশ এর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। খেলাটি মুজিবনগর

উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল,মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দীন,মুজিবনগর প্রেসক্লাবের সাধারন সম্পাদক হাসান মুস্তাফিজুর রহমানসহ উৎসুক জনতা খেলাটি উপভোগ করেন।

খেলাটি পরিচালনা করেন বাংলাদেশ ফুটবল ফেডারেশনের নির্বাচনকৃত ২য় শ্রেনীর রেফারী সোহেল রানা। খেলা শেষে বিজয়ী ও বিজিত দলের হাতে পুরষ্কার তুলে দেয়া হয়।